NOV. 28 2002

# বেসরকারি শিক্ষক/কর্মচারীরা অবহেলিত কেন?

আমাদের দেশে বেসরকারি শিক্ষক/কর্মচারীরা চরম অবজ্ঞা ও অবহেলার শিকার। শিক্ষার্থীদের শিক্ষাদানের অধিকাংশ দায়িত্ব তারাই পালন করে থাকেন। অথচ তাদের বেলায় একচোখা নীতি অবলম্বন করা হয়। বর্তমান অর্থবছরে প্রতিবারের মতো এবারও শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে। কিন্তু বেসরকারি শিক্ষক/কর্মচারীরা এর সুফল




কতটুকু ভোগ করতে পারবেন? সরকারি চাকরিজীবীরা বছরে দুটি ঈদের বোনাস পান অথচ বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক/কর্মচারীরা বোনাস তো দূরের কথা তাদের পাওনা মাসের বেতনও নির্ধারিত সময়ে পান না। তাই বেসরকারি শিক্ষক/কর্মচারীদের সমস্যাগুলো নিরসনে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট বিভাগকে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করছি।

**মোঃ গোলাম মোস্তফা (মোশতাক)**
ভেড়ামারা উদয়ন একাডেমী, ভাঙ্গুরা, পাবনা

## বেসরকারি শিক্ষকরা উপেক্ষিত

বর্তমান সরকার ক্ষমতায় আসার আগে তাদের নির্বাচনী ওয়াদায় বলেছিল যে, তারা ক্ষমতায় গেলে বেসরকারি শিক্ষকদের ১০০% বেতন দেয়া হবে। উৎসব বোনাস দেয়া হবে। কিন্তু এখন কোথায় সেই ওয়াদার বাস্তবায়ন? নির্বাচন হল, সরকার গঠিত হল, ১০০% বেতনের তো কোন খবর নেই? কিছুদিন আগে শিক্ষা প্রতিমন্ত্রী বললেন, ঈদের আগেই শিক্ষকদের ঈদ বোনাস দেয়া হবে। তারও কোন হদিস আজ পর্যন্ত নেই। প্রধানমন্ত্রীর কাছে আমাদের অনুরোধ– আমাদের কাঙ্ক্ষিত দাবিগুলো মেনে নিন।

**কৃষ্ণ কুমার দত্ত**
শিক্ষক, জেড আর উচ্চ বিদ্যালয়, সুহিশপুর

## হরিষে বিষাদ?

শিক্ষকতার মহান দায়িত্বে নিয়োজিত বৃহত্তর অংশের বেসরকারি শিক্ষকবৃন্দ আজ আনন্দবঞ্চিত। ন্যূনতম বেতনের চাকরি করে দ্রব্যমূল্যের উর্ধ্বগতিতে পরিবার পোষণে তারা ঋণগ্রস্ত। ধর্মীয় উৎসবে যৌথ সরকারের কাছ থেকে উৎসবভাতা প্রাপ্তির প্রত্যাশা ছিল শতভাগ। কিন্তু ঈদ-পূর্বে শুধু বেতন প্রদানে সে আশায় গুড়ে বালি। ঈদ আনন্দে নতুন সাজে পরিবেশ যখন মুখরিত, তখন অভাব-অনটনে, মানবেতর জীবনযাপনে বেসরকারি শিক্ষকের ঈদ উৎযাপন পর্ব হরিষে বিষাদ!

**নূর আলম নূআ**
কালাই বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট